**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(শুল্ক)**

প্রজ্ঞাপন

তারিখঃ ১৪-৮-১৪০২ বাংলা। ২৮-১১-৯৫ ইংরেজী।

**এস.আর.ও. নং ২০২- আইন/৯৫/১৬৩৯/কাস।**– Customs Act, 1969 (IV of 1996) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ১৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে জনস্বার্থে নিম্নবর্ণিত পণ্যসমূহ আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, পরবর্তী অনুচেছদ সমুহে বর্ণিত শর্তাবলী সাপেক্ষে, মওকুফ করিল, যথাঃ–

**মওকুফকৃত পণ্য সমূহ**

(ক) বাংলাদেশে খনিজ তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে বাংলাদেশ ওয়েল, গ্যাস ও মিনারেল কর্পোরেশন (পেট্রোবাংলা) এর সহিত সম্পাদিত উৎপাদন বন্টন চুক্তি (Production Sharing Contract) এর আওতায় স্থায়ীভাবে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ, অন্যান্য পণ্য;

(খ) উপরিউক্ত চুক্তির আওতায় বাংলাদেশের বাহিরে ফেরত নেওয়ার ভিত্তিতে আমদানিকৃত ড্রিলিং, ডাইরেকশনাল ড্রিলিং, ওয়ার্কওভার, মাডলগিং, মাড ইঞ্জিনিয়ারিং, ওয়ারলাইন লগিং, সিমেন্টেশন, ওয়েল টেষ্টিং (প্রডাকশন), ডিএসটি, কয়েল টিউবিং, পাবিং এবং সাইসমিক/গ্রাভিটি/ম্যাগনেটিক/ এ্যারোম্যাগনেটিক সার্ভিসেস এর যন্ত্রপাতি ও মালামাল।

**প্রযোজ্য শর্তাবলী**

২। আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য কেবলমাত্র তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন কাজে ব্যবহৃত হইবে, মর্মে প্রেট্রোবাংলার পক্ষে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের ন্যূনতম যুগ্ম-সচিব পদ মর্যাদার কোন কর্মকর্তা চালান ওয়ারী একটি প্রত্যয়ন পত্র দিবেন।

৩। এই প্রজ্ঞাপন এর আওতায় রেয়াত প্রাপ্ত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও অন্যান্য পণ্য উপরিউক্ত উদ্দেশ্যে ব্যতীত অন্যকোন উদ্দেশ্যে ব্যবহৃত হইলে, আমদানিকারক শুল্ক কর্তৃপক্ষের গৃহীত আইনানুগ যে কোন ব্যবস্থা মানিয়া লইতে বাধ্য থাকিবেন মর্মে তিনি একটি অঙ্গীকারনামা আমদানিকৃত দ্রব্য খালাসের সময় সংশ্লিষ্ট কমিশনারের বরাবর দাখিল করিবেন।

৪। এই প্রজ্ঞাপনের আওতায় ফেরত পাওয়ার ভিত্তিতে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও অন্যান্য পণ্য নির্দিষ্ট মেয়াদের কার্যশেষে বিদেশে ফেরত দেওয়া হইবে অথবা ফেরত লইতে ব্যর্থ হইলে সমুদয় প্রযোজ্য শুল্ক, মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্ক পরিশোধ করা হইবে মর্মে পেট্রোবাংলার পক্ষে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পদ মর্যাদার একজন কর্মকর্তা এবং আমদানিকারকের একটি যৌথ অংগীকারনামা পণ্য খালাসের পর্যায়ে কাষ্টমস হাউসে দাখিল করিতে হইবে। তবে এই ক্ষেত্রে নিম্নবর্ণিত ব্যতিক্রম গ্রহণযোগ্য হইবে, যথাঃ–

(ক) যে সকল যন্ত্রপাতি বা যন্ত্রাংশ ব্যবহারের ফলে সম্পূর্ণ নিঃশেষিত বা ব্যবহারের অযোগ্য হইয়া যায়, তাহাদের তালিকা ও প্রকৃত পরিমাণ সম্পর্কে প্রতি চার মাস অন্তর পেট্রোবাংলা কর্তৃক প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে। এই ধরনের সম্পূর্ণ ব্যবহৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশের জন্য শুল্ক ও কর পরিশোধ করিতে হইবে না। তবে কোন্ কোন্ যন্ত্রপাতি ও যন্ত্রাংশের ক্ষেত্রে এই সুবিধা গ্রহণ করা হইবে তাহা, মালামাল খালাসের পূর্বে, পেট্রোবাংলা কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ড ও সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমসকে জানাইতে হইবে। এই প্রজ্ঞাপন জারীর পূর্বে যে সকল ব্যবহার্য যন্ত্রপাতি আমদানি হইয়াছে, পেট্রোবাংলা এই প্রজ্ঞাপন জারীর তিন মাসের মধ্যে উহাদের তালিকা জাতীয় রাজস্ব বোর্ড ও শুল্ক কর্তৃপক্ষের নিকট পাঠাইবে।

(খ) যদি কোন যন্ত্র ভাংগিয়া যায় বা ব্যবহারের সম্পূর্ণ অযোগ্য হইয়া যায়, তাহা হইলে এই তথ্য পেট্রোবাংলার মাধ্যমে তিন মাসের মধ্যে শুল্ক কর্তৃপক্ষকে জানাইতে হইবে এবং ছয় মাসের মধ্যে উহা সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের নিকট জমা দিতে হইবে। এই ধরনের জমাকৃত যন্ত্রের জন্য কোন শুল্ক ও কর দিতে হইবে না। জমাকৃত ভগ্ন যন্ত্রাংশ স্ক্র্যাপ হিসাবে প্রচলিত নিয়মে নীলাম করা হইবে।

(গ) এই প্রজ্ঞাপনের অধীনে ফেরতের ভিত্তিতে আমদানিকৃত সকল প্রকার যানবাহন, মালামাল, যন্ত্রপাতি ও যন্ত্রাংশের একটি তালিকা প্রতি আর্থিক বৎসর শেষে অর্থাৎ ৩১শে জুলাই তারিখের মধ্যে পেট্রোবাংলা বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিবে।

৫। তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদনের সাথে সরাসরি সম্পৃক্ত নয় এরূপ কোন পণ্য যথাঃ- অফিস সরঞ্জামাদি, এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর, (কোন যন্ত্রের সংগে নঁশষঃ রহ অবস্থায় আমদানি ব্যতীত) সিডান কার বা ষ্টেশন ওয়াগন, মাইক্রোবাস, গৃহস্থালী-ব্যবহার্য দ্রব্যাদি এবং অনুরূপ অন্যান্য পণ্য রেয়াত প্রাপ্ত হইবে না।

৬। ফেরত নেওয়ার ভিত্তিতে কেবলমাত্র তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন কার্যে ব্যবহারযোগ্য জীপ ও পিক-আপ এই প্রজ্ঞাপনের আওতায় শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক মুক্তভাবে খালাস পাইবে। তবে এইরূপ আমদানিতব্য জীপ ও পিক-আপের সংখ্যা সম্পর্কে আমদানির পূর্বেই পেট্রোবাংলা কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ডের সম্মতি গ্রহণ করিতে হইবে।

৭। এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতপ্রাপ্ত আমদানিকৃত কোন প্রকার যন্ত্রপাতি, যানবাহন, যন্ত্রাংশ ও পণ্য জাতীয় রাজস্ব বোর্ডের অনুমতি ব্যতিরেকে বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না।

৮। বাংলাদেশে খনিজ তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন কার্যক্রম পরিচালনার জন্য যে সকল বিদেশী কোম্পানী বাংলাদেশ ওয়েল, গ্যাস ও মিনারেল কর্পোরেশন (পেট্রোবাংলা) এর সহিত উৎপাদন বন্টন চুক্তি সম্পাদন করিবে এই প্রজ্ঞাপনে বর্ণিত সুবিধা কেবলমাত্র তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে এবং তাহারা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. ক্ষেত্রে প্রযোজ্য হইবে এবং তাহারা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ২২-আইন/৯৪/১৫৩৯-কাস, তারিখঃ ১৭ই জানুয়ারী, ১৯৯৪ ইং এর সুবিধা গ্রহণ করিতে পারিবে না।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

স্বাক্ষর/-
(ডঃ আকবর আলি খান)
সচিব।